৪/৮/২০০০

তারিখ ... পৃষ্ঠা ২ ... কলাম ১০

# ছাত্রদলের ধর্মঘটে আরও দু'দিনের পরীক্ষা স্থগিত ॥ অচলাবস্থা নিরসনে কমিটি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** জাতীয়তাবাদী ছাত্রদল আহূত লাগাতার ধর্মঘটের ষষ্ঠ দিন পার হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবার আজ শনিবার ও আগামীকাল রবিবার দু'দিনের পরীক্ষা স্থগিত করেছে। এ নিয়ে কর্তৃপক্ষ মোট সাত দিনের পরীক্ষা স্থগিত করল। গতকাল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সিন্ডিকেট বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনকল্পে উচ্চ ক্ষমতাসম্পন্ন আট সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেছে। কমিটি আজ শনিবার থেকে বিভিন্ন ছাত্র সংগঠনের সঙ্গে ভিন্ন

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## ছাত্রদলের ধর্মঘটে

(প্রথম পাতার পর)

ভিন্নভাবে এবং যৌথভাবে আলোচনায় মিলিত হবে। আজ শনিবার ধর্মঘটের বিরুদ্ধে ছাত্রলীগ বই ও খাতাকলম নিয়ে ক্লাসে যাওয়ার ঘোষণা দিয়েছে। ছাত্রদল ছাত্রলীগকে প্রতিহত করবে। ক্যাম্পাসে সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকল ছাত্র সংগঠনকে সহনশীল আচরণ করার আহ্বান জানিয়েছে। আগামীকাল রবিবার ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি তুলে ধরে পরামর্শ গ্রহণের জন্য উপাচার্যের নেতৃত্বে সিন্ডিকেট সদস্যরা শিক্ষা উপদেষ্টা ও প্রধান উপদেষ্টার কাছে যাচ্ছেন। সিন্ডিকেট প্রভোস্টের বাড়িতে বোমা হামলা ও উপাচার্যের গাড়ি ভাংচুরের ১৫ দিনে কেউ গ্রেফতার না হওয়ার ঘটনার নিন্দা জানিয়েছে।

জাতীয়তাবাদী ছাত্রদল গত ২৯ জুলাই থেকে পাঁচ দফা দাবিতে এই লাগাতার ছাত্র ধর্মঘট আহ্বান করেছে। ধর্মঘট আহ্বান করার পর থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দু'তিন দিন করে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস পরীক্ষা স্থগিত ঘোষণা করে আসছে। কর্তৃপক্ষের আলোচনার প্রস্তাবও ছাত্রদল প্রত্যাখ্যান করেছে। বিশ্ববিদ্যালয়ের এগারোটি ছাত্র হলে কর্তৃপক্ষ বিডিআর-পুলিশের যৌথ অভিযান চালিয়ে অস্ত্র ও বহিরাগত মুক্ত করার চেষ্টা চালিয়েছে। ছাত্রদল কর্তৃপক্ষের এই অভিযানকে প্রহসন অভিহিত করে প্রত্যাখ্যান করেছে। ছাত্রদল তাদের লাগাতার ধর্মঘট কর্মসূচী অব্যাহত রেখেছে।

লাগাতার ধর্মঘটের কারণে ছাত্ররা সর্বক্ষণিক দুশ্চিন্তায় ভুগছে– কখন তাদের পরীক্ষা হবে, কবে নাগাদ ধর্মঘট শেষ হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল বিকালে প্রশাসনিক ভবনে সিন্ডিকেট সভা আহ্বান করে। উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় আজ শনিবার ও আগামীকাল রবিবারের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে।